গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
কুষ্টিয়া জেলা কার্যালয়, কুষ্টিয়া।
dncrp.kushtia.gov.bd

স্মারক নং-২৬.০৪.৫০০০.৭১০.৩২.০০৩.১৯.৩৭০ /১(১৪০)

তারিখঃ ১৬ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ
৩১ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ইটভাটা তদারকি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ বাস্তবায়নের নিমিত্ত ভোক্তা অধিকার বিরোধী কার্য ও অপরাধ প্রতিরোধের লক্ষ্যে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর,কুষ্টিয়া কর্তৃক তদারকিমূলক কার্যক্রমের অংশ হিসেবে গত সিজনে মৌসুমে বিভিন্ন ইটভাটা পরিদর্শনে দেখা গেছে যে, ভাটাগুলোতে ইট তৈরির ক্ষেত্রে Bangladesh Standard SPECIFICATION FOR COMMON BUILDING CLAY BRICKS (3rd Revision)- এ নির্ধারিত The Standard Dimensions of Common Burnt Clay Bricks এর আকার অনুযায়ী ইট প্রস্তুত করা হচ্ছে না, ফলে সাধারণ ভোক্তাগণ প্রতারিত হচ্ছেন। Bangladesh Standard Testing Institution (BSTI) কর্তৃক স্ট্যান্ডার্ড ইটের মাপ নিম্নরুপভাবে নির্ধারিত (BDS 208:2009):

| ইটের স্ট্যান্ডার্ড পরিমাপ (ভেরিয়েশনসহ) | | নেইম ব্লকের ব্যাপ্তি (সর্বোচ্চ) | |
|---|---|---|---|
| দৈর্ঘ্য | ২৪ সেন্টিমিটার (২৩.৪ হতে ২৪.৬ সেন্টিমিটার) | দৈর্ঘ্য | ১৩ সেন্টিমিটার |
| প্রস্থ | ১১.৫ সেন্টিমিটার (১১.০ হতে ১২.০ সেন্টিমিটার) | প্রস্থ | ৫ সেন্টিমিটার |
| উচ্চতা | ৭ সেন্টিমিটার (৬.৮ হতে ৭.২ সেন্টিমিটার) | উচ্চতা | ১ সেন্টিমিটার |

২। স্ট্যান্ডার্ড ইটের মাপ অপেক্ষা কম পরিমাপে ইট তৈরি করার কারণে ভোক্তা সাধারণ একাধারে প্রতিশ্রুত পণ্য যেমন পাচ্ছে না তেমনি আর্থিক ক্ষতিরও সম্মুখীন হচ্ছেন। এছাড়া নেইম ব্লকের ব্যাপ্তি বেশি হলে স্থাপনা তৈরিতে অতিরিক্ত সিমেন্ট ও বালি ব্যবহার করতে হবে, ফলে নির্মান ব্যয় বৃদ্ধি পাবে। পাশাপাশি এই ধরণের কর্মকান্ড ভোক্তা-অধিকার বিরোধী কার্য যা ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৪৮ ও ধারা ৪৯ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

৩। এমতাবস্থায়, আপনার পরিচালিত ইটভাটায় বিএসটিআই কর্তৃক নির্ধারিত স্ট্যান্ডার্ড ইটের মাপ অনুযায়ী ইট প্রস্তুত করতে এবং ইতোমধ্যে স্ট্যান্ডার্ড ইটের মাপ অপেক্ষা কম পরিমাপের প্রস্তুতকৃত ইট ভাটা হতে বিক্রয়, বিতরণ, সরবরাহ বন্ধকরণসহ নতুন ইট তৈরির পূর্বেই অপসারণ করতে বলা হলো।

৪। উল্লেখ্য, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর হতে তদারকি কার্যক্রম পরিচালনাকালে আপনার ইটভাটায় ভোক্তা অধিকার বিরোধী কার্য পরিলক্ষিত হলে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

মোঃ সেলিমুজ্জামান ৩১/১০/২০১৯

মোঃ সেলিমুজ্জামান
সহকারী পরিচালক
ফোন: ০৭১-৭১৮৮৭
ইমেইলঃ ad-kushtia@dncrp.gov.bd

প্রাপক,

...................................
...................................

অনুলিপি সদয় অবগতির জন্য (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):
০১। মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
০২। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
০৩। পুলিশ সুপার, কুষ্টিয়া।
০৪। উপপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, খুলনা।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া সদর/মিরপুর/ভেড়ামারা/দৌলতপুর/কুমারখালী/খোকসা।
০৬। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, কুষ্টিয়া।
০৭। সভাপতি/সাধারণ সম্পাদক, ইটভাটা মালিক সমিতি, কুষ্টিয়া।
০৮। সভাপতি/সাধারণ সম্পাদক, ................উপজেলা ইটভাটা মালিক সমিতি, কুষ্টিয়া।
০৯। অফিস কপি।